



নম্বর-৮০.০০.০০০.২০০.৫৬.০৫৩.২২- ৩৭২

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
০৫ ডিসেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ২৯.১২.২০২২ তারিখ হতে ১১.০১.২০২৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার [আবশ্যিক ও পদ-সংশ্লিষ্ট বিষয়] জন্য গুরুত্বপূর্ণ নির্দেশনা:

- ক. পরীক্ষা হলে বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ব্যাংক/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা, ব্রেসলেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ সামগ্রীসহ কোন প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।
- খ. পরীক্ষা কেন্দ্রের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্য দিয়ে প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- গ. পরীক্ষার দিন উপরিখিত নিষিদ্ধ সামগ্রী সাথে না আনার জন্য সকল প্রার্থীর মোবাইল ফোনে এস.এম.এস. প্রেরণ করা হবে। এস.এম.এস. বার্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ঘ. পরীক্ষার সময় প্রার্থীবৃন্দ কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপ্রস্তুতি পূর্বাহ্নে কমিশনের অনুমোদন প্রাপ্ত করতে হবে।

২.০ পরীক্ষা কেন্দ্রে কোন প্রার্থীর নিকট বর্ণিত নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা ২০১৪-এর বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে কর্ম কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য উক্ত প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে।

তিথিঃ ২৫/১২/২০২২
 আনন্দ কুমার বিশ্বাস
 পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
 [যুগ্মসচিব]
তে

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর [পি.আই.ডি.], ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 [সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভৱিত্বিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো]
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রাষ্ট্রপুরা, ঢাকা।
 [বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্কুল নিউজ আকারে প্রচার করতে অনুরোধ করা হলো]
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
 [বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো]
৪. বার্তা সম্পাদক,
 [বিষয়টি আপনার চ্যানেলে স্কুল নিউজ হিসেবে প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
 [প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো]
- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
 [প্রেস বিজ্ঞপ্তি সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]